

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৩০০.১৬.০০৯.২৩.১৪

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৯

২৮ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: ‘শুদ্ধাচার পুরস্কার সংক্রান্ত’ সংশোধিত নীতিমালা ২০২১ এর আলোকে কর্মকর্তা/কর্মচারী নির্বাচন।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন নং-০৪.০০.০০০০.৮২২.১৪.০৭০.১৯.১৪৬, তারিখ- ২৯ কার্তিক, ১৪২৮/১৪
নভেম্বর, ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শুদ্ধাচার পুরস্কার নীতিমালা এর আলোকে প্রতি বছর শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হচ্ছে। ‘শুদ্ধাচার পুরস্কার সংক্রান্ত’ সংশোধিত নীতিমালা ২০২১ অনুসরণে বিগত বছরে উপজেলা, জেলা, বিভাগ ও অধিদপ্তর পর্যায়ে কাটাগরিভিত্তিক কর্মকর্তা/কর্মচারী নির্বাচন করে পুরস্কার প্রদান করা হয়েছে।

২। দপ্তর প্রধানগণ কর্তৃক কর্মকর্তা/কর্মচারী নির্বাচনের ক্ষেত্রে সততা, কর্মদক্ষতা, সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনা, উদ্ভাবন ও সংস্কারে আগ্রহী এবং মন্ত্রণালয় ও বিভাগের বিভিন্ন ধরনের কর্মকান্ড দক্ষতার সাথে সম্পাদন ছাড়াও নীতিমালায় বর্ণিত মূল্যায়ন সূচক যথাযথভাবে পর্যালোচনা করে নম্বর প্রদানের বিষয়টি বিবেচনা করা হয়ে থাকে। প্রতিটি সূচকে নম্বর প্রদানের জন্য প্রামাণ্য রেকর্ড (প্রযোজ্য ক্ষেত্রে) এবং সম্পূর্ণ বছরের কর্মকান্ড বিবেচনা করতে হবে। এছাড়া বিভাগীয় মামলা, ফৌজদারী মামলা সংক্রান্ত প্রত্যায়ন, গ্রেড, বেসিক এবং তথ্য ছক সঠিকভাবে লিপিবদ্ধ করে তথ্যাদি প্রেরণ করতে হবে। কোন ক্রমেই নীতিমালার পরিপন্থি কার্যক্রম গ্রহণ করা যাবে না।

৩। এমতাবস্থায়, শুদ্ধাচার পুরস্কার সংক্রান্ত’ সংশোধিত নীতিমালা ২০২১ মোতাবেক বিভাগীয় উপপরিচালকগণ তার আওতাধীন দপ্তর সমূহের কর্মকর্তা/কর্মচারী নির্বাচন করে আগামী ৩০ এপ্রিল, ২০২৩ তারিখের মধ্যে যাবতীয় তথ্যসহ মূল্যায়ন ছক পূরণ পূর্বক পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৪। এ বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

সংযুক্ত: সংশোধিত নীতিমালা ২০২১।



৫-৩-২০২৩

মোঃ ইমামুল ইসলাম

উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২-৫৫০৭৪৯২৩

ইমেইল: ddestabdpe@gmail.com

উপপরিচালক,

ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৩০০.১৬.০০৯.২৩.১৪/১

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (সকল)
- ২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ৩) সুপারিনটেনডেন্ট (সকল), প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (পিটিআই)
- ৪) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক পিইডিপি-৪ এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
- ৬) অফিস কপি।



৫-৩-২০২৩

মোঃ ইমামুল ইসলাম
উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)